



## জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)

বিটিএমসি ভবন (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫

ই-মেইলঃ [info@nhrc.org.bd](mailto:info@nhrc.org.bd)

স্মারক নং: এনএইচআরসিবি/প্রেস:বিজ্ঞঃ/ -২৩৯/১৩- ৯৮

তারিখঃ ১৪ জুলাই ২০২০

### প্রেস বিজ্ঞপ্তি-

#### কথিত বাংলাদেশ মানবাধিকার কমিশন থেকে 'কমিশন' শব্দ ব্যবহারে বিজ্ঞ আদালতের নিষেধাজ্ঞা

সুপ্রীম কোর্টের বিজ্ঞ আইনজীবী জনাব মোঃ আবু হানিফ কথিত “বাংলাদেশ মানবাধিকার কমিশন” কর্তৃক নামের শেষে ‘কমিশন’ শব্দটি সর্বত্র ব্যবহারের উপর নিষেধাজ্ঞার আদেশ প্রার্থনা করে মহামান্য হাইকোর্ট বিভাগে জনস্বার্থে রিট মামলা ১৮৫ (এনেক্স ২৪)/২০২০ দায়ের করলে গত ২৯ জুন ২০২০ তারিখ মহামান্য হাইকোর্ট বিভাগের মাননীয় বিচারপতি জে বি এম হাসান শুনানি অন্তে রাষ্ট্রীয় প্রতিষ্ঠান জাতীয় মানবাধিকার কমিশন এর সাথে সাংঘর্ষিক এবং আইন বিরোধী হওয়ায় বাংলাদেশ মানবাধিকার কমিশন তার নামের শেষে ‘কমিশন’ শব্দটি এবং নামের সংক্ষিপ্ত রূপ হিসেবে **BHRC** শব্দটি ওয়েবসাইট, সামাজিক যোগাযোগ মাধ্যম এবং প্রিন্ট মিডিয়া কোথাও ব্যবহার করতে পারবেনা মর্মে নিষেধাজ্ঞার আদেশ জারি করেন। মামলাটি পরিচালনা করেন এডভোকেট জনাব মোহাম্মদ বাকির উদ্দিন ভুইয়া এবং তাঁকে সহযোগিতা করেন এডভোকেট জনাব মোঃ সাইফুল ইসলাম (জোবায়ের)।

উক্ত আদেশের বিরুদ্ধে কথিত “বাংলাদেশ মানবাধিকার কমিশন” আপিল করলে অদ্য ১৪ জুলাই ২০২০ তারিখ শুনানিতে বিজ্ঞ আপিল বিভাগের চেম্বার কোর্টের মাননীয় বিচারপতি উক্ত নিষেধাজ্ঞার আদেশ বহাল রাখেন। ফলে, আজ থেকে বে-সরকারি সংস্থা **Bangladesh Human Rights Commission** তার নামের শেষে “**Commission**” শব্দটি এবং নামের সংক্ষিপ্ত রূপ হিসেবে “**BHRC**” শব্দটি কোথাও ব্যবহার করতে পারবেনা। আপিল বিভাগে রেসপনডেন্ট পক্ষে মামলাটি পরিচালনা করেন সিনিয়র এডভোকেট জনাব এ এম আমিন উদ্দিন এবং তাকে সহযোগিতা করেন এডভোকেট জনাব মোহাম্মদ বাকির উদ্দিন ভুইয়া।

প্রসঙ্গক্রমে উল্লেখ্য যে, কথিত বাংলাদেশ মানবাধিকার কমিশনসহ কোন কোন বেসরকারি সংগঠন তাদের সংস্থার নামের সাথে ‘কমিশন’ শব্দটি ব্যবহার করে দেশে- বিদেশে বিভিন্ন সরকারি- বেসরকারি সংস্থা, গণমাধ্যমসহ জনমনে তার সংস্থাকে রাষ্ট্রীয় সংস্থা মর্মে বিভ্রান্তি সৃষ্টি করছে মর্মে গত ১১ই মার্চ ২০২০ তারিখ জাতীয় মানবাধিকার কমিশন গণমাধ্যমে সতর্কতামূলক বিজ্ঞপ্তি প্রচার করে।

ধন্যবাদান্তে,

ফারহানা সাঈদ

জনসংযোগ কর্মকর্তা

জাতীয় মানবাধিকার কমিশন, বাংলাদেশ